ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৯৬

খোয়াই,২ মে,২০২৫

# খোয়াই জেলাভিত্তিক সড়ক নিরাপত্তা বিষয়ক বৈঠক অনুষ্ঠিত

খোয়াই জেলাভিত্তিক সড়ক নিরাপত্তা বিষয়ক এক বৈঠক আজ অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে জেলাশাসক রজত পন্থের সভাপতিত্বে আয়োজিত সভায় পুলিশ সুপার রণদিত্য দাস, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমা শাসক চারু ভার্মা, তেলিয়ামুড়া মহকুমা শাসক পরিমল মজুমদার, জেলা পরিবহণ আধিকারিক বিশ্বজিৎ মজুমদার সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। বৈঠকে জেলাশাসক জেলার বিভিন্ন রাস্তায় ও শহর এলাকায় যানজট রোধে সাধারণ মানুষকে সচেতন করার জন্য আরও গঠনমূলক পদক্ষেপ গ্রহণ করার জন্য বলেন। দুর্ঘটনাপ্রবণ এলাকাগুলিকে চিহ্নিত করে সাইনবোর্ড লাগানোর জন্য জেলাশাসক গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও বিভিন্ন স্থানে নাকা পয়েন্ট বানানো, টমটম চালকদের ট্রাফিক রুল সম্পর্কে আরও সচেতন করার পাশাপাশি বিভিন্ন রাস্তা দ্রুত সারাই করার জন্য উদ্যোগ নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

*****